গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর

প্রতিরক্ষা মন্ত্রণালয়

৩২, ঈশা খাঁ অ্যাভিনিউ, সেক্টর-৬, উত্তরা, ঢাকা-১২৩০।

নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর : ২৩.০৬.০০০০.০০০.১১.০১০.১৬-২০৭ তারিখ : ০৮ জুন ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

১। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত রাজস্ব খাতের নিম্নেবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য ৫ নং কলামে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্র/নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | জেলা কোটাসমূহ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| (০১) | অফিস সহকারী (Office Assistant) ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১৮-৩০ বছর | ১২টি | (১) যেকোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; ও<br>(২) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। | ক্রমিক নং ০১ এ বর্ণিত পদের জন্য ঢাকা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, বগুড়া, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, ঠাকুরগাঁও, যশোর, মাগুরা, বাগেরহাট, সাতক্ষীরা, মেহেরপুর, পিরোজপুর, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| (০২) | অফিস সহায়ক (Office Support Staff) ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১৮-৩০ বছর | ১৩টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ক্রমিক নং ০২ থেকে ০৬ এ বর্ণিত পদের জন্য ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, লালমনিরহাট, পঞ্চগড়, ঠাকুরগাঁও, মাগুরা, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| (০৩) | মালী (Gardener) ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১৮-৩০ বছর | ০৪টি | (ক) ৬ষ্ঠ শ্রেণি পাশ; এবং<br>(খ) বাগান তৈরি ও রক্ষণাবেক্ষণের কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | |
| (০৪) | নিরাপত্তা প্রহরী (Security Guard) ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১৮-৩০ বছর | ১৫টি | (ক) ৬ষ্ঠ শ্রেণি পাশ; এবং<br>(খ) নিরাপত্তা প্রহরী হিসেবে অবশ্যই অভিজ্ঞতা থাকতে হবে। তবে, সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য অথবা পুলিশের অবসরপ্রাপ্ত সিপাহিরা অগ্রাধিকার পাবে। | |
| (০৫) | ইউএসএল (আনস্কিল্ড লেবার) USL (Unskilled Labour) ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ২৫-৩৫ বছর; তবে বাংলাদেশ সেনাবাহিনী ও পুলিশ বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। | ০২টি | (ক) ৬ষ্ঠ শ্রেণি পাশ;<br>(খ) অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে; এবং<br>(গ) অবশ্যই সাইকেল চালানো জানতে হবে। | |
| (০৬) | পরিচ্ছন্নতাকর্মী (Cleaner) ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১৮-৩০ বছর | ০৩টি | অক্ষরজ্ঞানসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | |

২। নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

ক। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ২৭/০৬/২০২২ খ্রি: তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণসাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

গ। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঘ। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঙ। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form-সহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্র এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

চ। কর্তৃপক্ষ যেকোন পর্যায়ে এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন/পরিবর্তন/পরিমার্জন/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

ক। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://bncc.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১২/০৬/২০২২ খ্রি: সকাল ০৯:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৭/০৬/২০২২ খ্রি: বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ০১ নং পদের জন্য ১০০/- (একশত) টাকা সরকারি কোষাগারে জমা করার নিমিত্ত সার্ভিস চার্জ ১২/- (বারো) টাকা সহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ০২ থেকে ০৬ নং পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা সরকারি কোষাগারে জমা করার নিমিত্ত সার্ভিস চার্জ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: BNCC<space>UserID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BNCC ABCDEF

Reply : Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BNCC<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BNCC<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BNCC YES 12345678

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for BNCC Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bncc.teletalk.com.bd অথবা bncc.portal.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, নিয়মিত SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (অবশ্যই রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নেবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

i. User ID জানা থাকলে: BNCC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: BNCC HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: BNCC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: BNCC HELP PIN 12345678

৪। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য ও প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর এর ওয়েবসাইটে (bncc.portal.gov.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

৫। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা bncc23.06.0000.000@gmail.com-এ ই-মেইল, এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name : BNCC, Post Name : * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

৬। ডিকলারেশন : প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৭। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

মেজর শেখ শাহ্‌রিয়ার মোহাম্মদ শাকিল
উপপরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর

G-1652/06/22 (20x4)